

-ঃ আল নোমান শামীমের ক'টি কবিতা :-

১। তোমাতে সমর্পিত বোধ

উজ্জল পায়ে হাঁটা বালুভেজা রোদ
শিশিরে মেখে দেয়া জাগতিক বোধ,
তোমার নিটোল শাড়ীর ছাপানো জলে
শান্তি ও সমর্পনে ক্লান্ত এ ক্রোধ।

২। সংসার ও পুরুষ

পরানের পাখি তারে ঘরে বেঁধে রাখি
যতই আদর করি পথ ভুলা পাখী,
সোহাগে খুজে নেয় আপন যে ঘাট
সংসারে সং সাজি, তিমির সে রাত।



৩। চমকে পিছু, তুমি

বন্ধুদের দোতলায়, তাসের আড্ডায়
জীবনটা কাটছিলো দারুন গাড্ডায়,
হঠাৎ পরদা জুড়ে দখিনা হাওয়ায়
পাড়ভাঙ্গা শাড়ি তোমার, আজো চমকায়।

৪। মন ও প্রেম

মনের কি দোষ, মনকে বুঝাই
নারীর পিঠের রোদ, নগ্ন রেখাই,
কৃপন চুমুতে আঁকি যত তার স্তন
শরীর ভেজে গো তার, ভেজে তার মন।

২৯শে মার্চ ২০১০

noman_bd@yahoo.com

